

## মডেল অ্যাক্টিভিটি টাস্ক

### অষ্টম শ্রেণি পরিবেশ ও ভূগোল

১. বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন করে লেখো : ১ × ৩ = ৩
- ১.১ ঠিক জোড়াটি নির্বাচন করো—
- ক) নিরক্ষীয় অঞ্চল – সূর্যের তির্যক রশ্মি খ) নিরক্ষীয় অঞ্চল – বায়ুর উচ্চচাপ
- গ) মেরু অঞ্চল – বায়ুর উচ্চচাপ ঘ) মেরু অঞ্চল – সূর্যের লম্ব রশ্মি
- ১.২ উত্তর আমেরিকার আলাস্কা যে জলবায়ুর অন্তর্ভুক্ত তা হলো—
- ক) ক্রান্তীয় জলবায়ু খ) লরেসীয় জলবায়ু
- গ) ভূমধ্যসাগরীয় জলবায়ু ঘ) তুন্দ্রা জলবায়ু
- ১.৩ দক্ষিণ আমেরিকার লাপ্লাটা নদী অববাহিকায় অবস্থিত বিস্তীর্ণ তৃণভূমি হলো—
- ক) গ্রানচাকো খ) পম্পাস
- গ) ল্যানোস ঘ) সেলভা
২. বাক্যটি সত্য হলে 'ঠিক' এবং অসত্য হলে 'ভুল' লেখো : ১ × ৩ = ৩
- ২.১ রাত্রিবেলা স্থলভাগ থেকে সমুদ্রের দিকে সমুদ্রবায়ু প্রবাহিত হয়।
- ২.২ আপেক্ষিক আর্দ্রতার সাথে উষ্ণতার সম্পর্ক ব্যস্তানুপাতিক।
- ২.৩ জুলাই-অগাস্ট মাসে আর্জেন্টিনায় গ্রীষ্মকাল বিরাজ করে।
৩. সংক্ষিপ্ত উত্তর দাও :
- ৩.১ সব মেঘ থেকে বৃষ্টি হয় না কেন? ২
- ৩.২ 'আমাজন অববাহিকার ক্রান্তীয় বৃষ্টিঅরণ্য দুর্গম প্রকৃতির'— ভৌগোলিক কারণ ব্যাখ্যা করো। ৩
৪. চিত্রসহ শৈলোৎক্ষেপ বৃষ্টিপাত সৃষ্টির প্রক্রিয়াটি বর্ণনা করো। ৫